দিনাজপুর বোর্ড ২০১৫
হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২ ৫ ৩

সৃজনশীল

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান — ৬০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ

প্রশ্ন-১ ▶ প্রভা ট্রেডার্সের ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

রেওয়ামিল

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৭০,০০০	
ক্রয়	১,৫২,০০০	
বিক্রয়		২,৩২,০০০
ভাড়া	৭,৮০০	
প্রাপ্য হিসাব	১,৬০,০০০	
ক্রয় ফেরত		৬০০
বিক্রয় ফেরত	৮০০	
মূলধন		১,৮০,০০০
প্রদেয় হিসাব		৩২,০০০
ক্রয় বাট্টা		৪,০০০
বিক্রয় বাট্টা	৩,০০০	
মজুরি	৬,২০০	
কমিশন		১,৪০০
বেতন (১৪ মাসের)	২৮,০০০	
বিজ্ঞাপন	৬,০০০	
১০% ঋণ		৬০,০০০
হাতে নগদ	৭৬,২০০	
	৫,১০,০০০	৫,১০,০০০

অন্যান্য তথ্যাবলি :

i. বছর শেষে অবিক্রিত পণ্যের মূল্য ৯০,০০০ টাকা।
ii. বাকীতে পণ্য বিক্রয় হিসাবভুক্ত হয়নি ১২,০০০ টাকা।
iii. ঋণের সুদ ৩,৬০০ টাকা বকেয়া আছে।
iv. বিজ্ঞাপনের $\frac{2}{5}$ অংশ বিলম্বিত করতে হবে।
v. প্রাপ্য হিসাবের ৮,০০০ টাকা আদায়যোগ্য নয়।

ক. প্রভা ট্রেডার্সের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রভা ট্রেডার্সের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. নিট মুনাফা ৬১,০০০ টাকা প্রভা ট্রেডার্সের অন্তর্দায় ও বহির্দায়ের পার্থক্য নির্ণয় করো। ৪

প্রশ্ন-২ ▶ লুনা ট্রেডার্সের ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		২,৫০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৫৭,৫০০	
ব্যাংক জমাতিরিক্ত		৫৭,৫০০
ক্রয় ও বিক্রয়	৭০,০০০	১,৫০,০০০
ক্রয় ফেরত ও বিক্রয় ফেরত	৭,৫০০	২,৫০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৮৭,৫০০	২০,০০০
১০% বিনিয়োগ (১-৭-১৪)	৫০,০০০	
স্থায়ী সম্পদ	১,৭৫,০০০	
হাতে নগদ	২৫,০০০	
অনাদায়ী পাওনা	৫,০০০	
মূলধনের সুদ	১২,৫০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		১০,০০০
	৪,৯০,০০০	৪,৯০,০০০

অন্যান্য তথ্যাবলি :

i. ধারে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
ii. ক্যাশ পিয়ন ২,৫০০ টাকা হারিয়েছে।
iii. সমাপনী মজুদ পণ্যের ক্রয় মূল্য ৫০,০০০ টাকা কিন্তু এর বাজার মূল্য ৫৫,০০০ টাকা।
iv. মোট অনাদায়ী পাওনা ৭,৫০০ টাকা। অবশিষ্ট দেনাদারের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো।

ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট লাভ ৭২,৫০০ টাকা, বিশদ আয় বিবরণী তৈরি করো। ৪
গ. মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

খ বিভাগ

প্রশ্ন-৩ ▶ এন ট্রেডার্স ১ জানুয়ারি নগদ ২,০০,০০০ টাকা; ব্যাংক ঋণ ১,০০,০০০ টাকা এবং নিজের ব্যবহৃত কম্পিউটার সামগ্রীর ৫৫% (মোট মূল্য ২,০০,০০০ টাকা) নিয়ে ওয়েবসাইট তৈরি ব্যবসা শুরু করলেন। ঐ মাসে অন্যান্য লেনদেনগুলো হল :

জানুয়ারি	৩	ল্যাপটপ ক্রয় ৫৫,০০০ টাকা।
"	৫	বাকীতে প্রোগ্রাম (স্থায়ী সম্পদ) ক্রয় ১,০০,০০০ টাকা।
"	৭	আসবাবপত্র ক্রয় ৫০,০০০ টাকা।
"	৮	ওয়েবসাইট তৈরির ফরমায়েশ প্রাপ্তি ১,০০,০০০ টাকা।
"	১০	অফিস ভাড়া ২০,০০০ টাকা।
"	১১	বিজ্ঞাপন ব্যয় ২০,০০০ টাকা।
"	১২	মনিহারি ৩০,০০০ টাকা।
"	১৫	ইন্টারনেট সংযোগ সংস্থাপন ব্যয় ৫০,০০০ টাকা (স্থায়ী সম্পদ)।
"	৩০	বেতন পরিশোধ ৫০,০০০ টাকা।
"	৩০	ওয়েবসাইট তৈরি বাবদ আয় ২,০০,০০০ টাকা।
"	৩১	মাসিক মোবাইল ও ইন্টারনেট ব্যয় ২০,০০০ টাকা।

ক. এন ট্রেডার্সের বিনিয়োগ কত টাকা? ২
খ. জানুয়ারি মাসের আয় বিবরণী তৈরি করো। ৪
গ. ৩-১০ তারিখের লেনদেনগুলির প্রভাব হিসাব সমীকরণে দেখাও। ৪

প্রশ্ন-৪ ▶ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে এস ট্রেডার্সের নগদান বই এবং ব্যাংক বিবরণী গড়মিলের কারণগুলি নিম্নরূপ :

i. নগদান বই মোতাবেক ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ (৩১-১২-১৪) ৯০,০০০ টাকা।
ii. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ১০,০০০ টাকা এখনও আদায় হয়নি।
iii. ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ১০,০০০ টাকা নগদান বইতে লেখা হয়নি।
iv. বিনিয়োগের সুদ সরাসরি ব্যাংক হিসাবে জমা হয়েছে যা নগদান বইতে লেখা হয়নি (১-৭-১৪ তারিখে বিনিয়োগকৃত ১২% হারে ১,০০,০০০ টাকা)।
v. ব্যাংক জমাতিরিক্তের সুদ ৬,০০০ টাকা ধার্য করা হয়েছে যা নগদান বইতে লেখা হয়নি।
vi. ১৬,০০০ টাকার চেক ইস্যু করা হয়েছে কিন্তু এখন পর্যন্ত পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপিত হয়নি।
vii. প্রদেয় হিসাবের ৭,০০০ টাকা ব্যাংক কর্তৃক সরাসরি পরিশোধ যা নগদান বইতে লেখা হয়নি।

ক. বিনিয়োগের সুদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. নগদান বইতে লেখা হয়নি এমন লেনদেনগুলির জাবেদা লিখ। ৪
গ. ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য। ৪

প্রশ্ন-৫ ▶ জামান ট্রেডার্সের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
মূলধন	১,৭০,০০০
ইজারা সম্পত্তি (১০ বছরের জন্য)	৮০,০০০
সমাপনী মজুদ পণ্য	৫০,০০০
খুচরা যন্ত্রাংশ	৮,০০০
আসবাবপত্র	৬০,০০০
কলকব্জা	৯৭,৫০০

হিসাবের নাম	টাকা
পণ্য ক্রয়	১,৪৮,৫০০
মজুরি	১০,০০০
বেতন	১২,০০০
পণ্য বিক্রয়	২,৮১,০০০
ভাড়া	২০,০০০
বিজ্ঞাপন	৭,০০০
ক্রয় পরিবহন	২,০০০
বিক্রয় পরিবহন	৪,০০০
অনাদায়ী পাওনা	২,০০০

ক. স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. রেওয়ামিল তৈরি করো। ৪

প্রশ্ন-৬ ▶ রবিন এন্ড কোং এর প্রাপ্য বিল সংক্রান্ত লেনদেন নিম্নরূপ :

২০১৪

জুলাই ১ — ৬০ দিন মেয়াদী ৫০,০০০ টাকার প্রাপ্য বিল ফন এন্ড কোং এর নিকট হতে পাওয়া গেল।
" ১৫ — ফন এন্ড কোং এর নিকট থেকে প্রাপ্ত বিলটি ১৫% বাট্টায় উত্তরা ব্যাংক হতে বাট্টা করা হল।
আগস্ট ১ — হিউজ এন্ড কোং এর নিকট থেকে ৬০ দিন মেয়াদী ১৬% সুদের ৩০,০০০ টাকার বিল পাওয়া গেল।
" ৩১ — হিউজ এন্ড কোং এর বিলটি ২৫% বাট্টায় ব্যাংকে থেকে ভাংগানো হলো।

ক. হিউজ এন্ড কোং এর সুদ খরচের পরিমাণ নির্ণয় করো। ২
খ. রবিন এন্ড কোং এর হিসাব বইয়ে প্রয়োজনীয় জাবেদা লিখন দেখাও। ৪
গ. প্রাপ্য বিল হিসাব তৈরি করো। ৪

প্রশ্ন-৭ ▶ ২০১২ সালের ১ জানুয়ারি তারিখে হামিম ট্রেডার্স ৪,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে পরিবহন ব্যয় ৪০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা সংস্থাপন ব্যয় প্রদান করল। মেশিনটির আয়ুষ্কাল পাঁচ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,৫০,০০০ টাকা। হামিম ট্রেডার্স ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে :

ক. অবচয়ের হার এবং ১ম বৎসরের অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রথম দুই বছরের মেশিন হিসাব ও অবচয় হিসাব তৈরি করো। ৪
গ. প্রথম তিন বছরের পুঞ্জিভূত অবচয় হিসাব তৈরি করো। ৪

প্রশ্ন-৮ ▶ রাতুল ট্রেডার্স এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ ছিল :

অগ্রিম ভাড়া ২৪,০০০ টাকা, আসবাবপত্র ১,৩৬,০০০ টাকা, মূলধন ৬০,০০০ টাকা, অগ্রিম সেবা আয় ২০,০০০ টাকা, সেবা আয় ১,২০,০০০ টাকা এবং প্রাপ্য হিসাব ৪০,০০০ টাকা।

সমন্বয়সমূহ :

i. ভাড়া দুই বছরের জন্য প্রদত্ত হয়েছে।
ii. অগ্রিম সেবা আয়ের ১০,০০০ টাকা আয় হিসেবে গণ্য হবে।
iii. ৮,০০০ টাকার সেবা প্রদান করা হয়েছে কিন্তু টাকা পাওয়া যায়নি।
iv. আসবাবপত্রের অবচয় ২৪,০০০ টাকা ধার্য করা হল।

ক. অগ্রিম সেবা আয়ের উদ্বৃত্ত নির্ণয় করো। ২
খ. বর্ণিত সমন্বয়গুলির জাবেদা লিখন দেখাও। ৪
গ. কার্যপত্রের ছকে সমন্বিত রেওয়ামিল তৈরি করো। ৪

প্রশ্ন-৯ ▶ জনাব রফিক তার হিসাবের বই দু'তরফা দাখিলা মোতাবেক সংরক্ষণ করেন না। তাঁর ব্যবসায়ের তথ্যাবলি নিম্নরূপ :

জনাব রফিক
উদ্বর্তপত্র

দায়সমূহ	১-১-১৪ (টাকা)	৩১-১২-১৪ (টাকা)	সম্পদসমূহ	১-১-১৪ (টাকা)	৩১-১২-১৪ (টাকা)
১০% ব্যাংক ঋণ	১০,০০০	৫,০০০	হাতে নগদ	১,০০০	২,০০০
প্রদেয় হিসাব	১৩,০০০	১১,০০০	প্রাপ্য হিসাব	১৪,০০০	১৮,০০০
প্রদেয় বিল	৩,০০০	২,০০০	আসবাবপত্র	৬,০০০	১০,০০০
মূলধন (নিট সম্পদ)	২৩,০০০	৪৬,০০০	মজুদ	৮,০০০	১৪,০০০
			ভূমি ও দালানকোঠা	২০,০০০	২০,০০০
	৪৯,০০০	৬৪,০০০		৪৯,০০০	৬৪,০০০

জনাব রফিক সারা বছর ধরে প্রত্যেক মাসের শুরুতে ৫০০ টাকা করে উত্তোলন করেছেন। বছরের মাঝামাঝি সময়ে তিনি তার ব্যক্তিগত তহবিল থেকে ৪,০০০ টাকা দিয়ে ব্যবসায়ের জন্য আসবাবপত্র ক্রয় করেছেন। বছরের মাঝখানে তিনি ব্যাংক ঋণের অর্ধেক পরিশোধ করেছেন। আসবাবপত্রের ওপর ১০% হারে এবং দালানকোঠার ওপর ২% হারে অবচয় ধার্য করতে হবে। ঋণের ওপর সম্পূর্ণ সুদ বকেয়া আছে।

ক. ঋণের বকেয়া সুদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. লাভ লোকসান বিবরণী তৈরি করো। ৪
গ. বছরের শেষে জনাব রফিকের মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. **উত্তর :** ক. নিট বিক্রয়ের পরিমাণ ২,৪০,২০০ টাকা। খ. মোট সম্পদের পরিমাণ ৩,৩৬,৬০০ টাকা। গ. পার্থক্য ১,৪৫,৪০০ টাকা।

২. **উত্তর :** ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ ৯,০০০ টাকা। খ. নিট লাভ ৫৩,৫০০ টাকা। গ. মোট সম্পদের পরিমাণ ৩,৮১,০০০ টাকা।

৩. **উত্তর :** ক. এন ট্রেডার্সের বিনিয়োগের পরিমাণ ৪,১০,০০০ টাকা। খ. নিট আয় ৬০,০০০ টাকা। গ. হিসাব সমীকরণের যোগফল ৮০,০০০ টাকা।

৪. **উত্তর :** ক. বিনিয়োগের সুদের পরিমাণ ৬,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ২৯,০০০ টাকা। গ. ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমাতিরিক্ত ৮১,০০০ টাকা।

৫. **উত্তর :** ক. মোট স্থায়ী সম্পদ ২,৩৭,৫০০ টাকা। খ. মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ২,০৫,৫০০ টাকা। গ. রেওয়ামিলের যোগফল ৪,৫১,০০০ টাকা।

৬. **উত্তর :** ক. সুদের পরিমাণ ৮০০ টাকা। খ. জাবেদার যোগফল ১,৬০,১৫৮ টাকা।

৭. **উত্তর :** ক. অবচয়ের হার ৪০% এবং ১ম বছরের অবচয় ২,০০,০০০ টাকা। গ. পুঞ্জিভূত অবচয়ের জের ৩,৯২,০০০ টাকা।

৮. **উত্তর :** ক. অগ্রিম সেবা আয়ের উদ্বৃত্ত ১০,০০০ টাকা। খ. সমন্বয় জাবেদার যোগফল ৫৪,০০০ টাকা। গ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ২,৩২,০০০ টাকা।

৯. **উত্তর :** ক. ঋণের বকেয়া সুদের পরিমাণ ৭৫০ টাকা। খ. নিট লাভ ২৩,০৫০ টাকা। গ. মোট দায়ের পরিমাণ ১৮,৭৫০ টাকা।

দিনাজপুর বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট | হিসাববিজ্ঞান প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা | পূর্ণমান — ৪০ | বিষয় কোড : ২ ৫ ৩

১. পাস বইয়ের সঙ্গে নগদান বইয়ের সম্পর্ক কি রকম?
ক) সমধর্মী খ) বিপরীতধর্মী
গ) সম্পর্ক নেই ঘ) ঘনিষ্ঠ সম্পর্ক

২. NSF চেক অর্থ কী?
ক) জমাকৃত চেক প্রত্যাখ্যান
খ) জমাকৃত চেক আদায়
গ) ইস্যুকৃত চেক উপস্থাপন
ঘ) ইস্যুকৃত চেক উপস্থাপন হয়নি

৩. অনাদায়ী পাওনা সঞ্চিতি একটি—
i. ভবিষ্যত ব্যবস্থা ii. সঞ্চিতি
iii. অনুমিত খরচ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রাফিদ ব্যবসায়ের ব্যবহারের জন্য একটি মোটরগাড়ি কিনেছেন। গাড়ীটির ক্রয়মূল্য ৫,০০,০০০ টাকা। এর মেরামত খরচ ২০,০০০ টাকা। ক্রয়ের তারিখে মোটরগাড়িটি চালু করার জন্য ২,০০০ টাকা মেরামত বাবদ খরচ হয়। মাসিক পরিচালন ব্যয় ১০,০০০ টাকা।

৪. জনাব রাফিদের বার্ষিক মুনাফা জাতীয় ব্যয় কত?
ক) ১০,০০০ টাকা খ) ২০,০০০ টাকা
গ) ১,২০,০০০ টাকা ঘ) ১,৪০,০০০ টাকা

৫. জনাব রাফিদের মূলধন জাতীয় ব্যয় কত?
ক) ১০,০০০ টাকা খ) ২০,০০০ টাকা
গ) ৫,০০,০০০টাকা ঘ) ৫,২০,০০০ টাকা
সঠিক উত্তর: ৫,০২,০০ টাকা।

৬. নিচের কোনটি অস্পর্শনীয় সম্পত্তি?
ক) ব্যাংক জমা খ) প্রাপ্য নোট
গ) ট্রেড মার্ক ঘ) অগ্রিম খরচ

৭. একটি যন্ত্রপাতির আয়ুষ্কাল ১০ বছরের স্থলে ৮ বছর হলে—
i. অবচয় হার বেড়ে যাবে
ii. নিট লাভ হ্রাস পাবে
iii. করদায় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৮-৯ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রাকিনের ২০১৪ সালের মোট লাভ ৫০,০০০ টাকা, প্রশাসনিক খরচ ১৫,০০০ টাকা এবং বিক্রয় ও বণ্টন খরচ ৫,০০০ টাকা। এ বছরের সুদ বাবদ আয় ২,০০০ টাকা।

৮. জনাব রাকিনের ২০১৪ সালের নিট লাভ কত?
ক) ৩০,০০০ টাকা খ) ৩২,০০০ টাকা
গ) ৩৫,০০০ টাকা ঘ) ৩৭,০০০ টাকা

৯. যদি জনাব রাকিন মোট লাভ স্থির রেখে নিট লাভ বৃদ্ধি করতে চায়, তবে —
i. প্রশাসনিক খরচ কমাতে হবে
ii. বিক্রয় খরচ হ্রাস করতে হবে
iii. বিক্রয় বৃদ্ধি করতে হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. নিট বিক্রয় – মোট লাভ = ?
ক) মোট ক্রয় খ) পরিচালন মুনাফা
গ) নিট লাভ ঘ) বিক্রিত পণ্যের ব্যয়

১১. নিচের কোনটি প্রত্যক্ষ খরচ?
ক) অফিস ভাড়া খ) বিজ্ঞাপন খরচ
গ) মজুরি ঘ) কমিশন

১২. প্রারম্ভিক মূলধন কিভাবে নির্ণয় করা হয়?
ক) প্রারম্ভিক সম্পত্তি – প্রারম্ভিক দায়
খ) প্রারম্ভিক সম্পত্তি – চলতি দায়
গ) সমাপনি সম্পত্তি – প্রারম্ভিক সম্পত্তি
ঘ) প্রারম্ভিক সম্পত্তি + প্রারম্ভিক দায়

১৩. কোনটি চলতি দায়?
ক) প্রাপ্য বিল খ) ব্যাংক জমাতিরিক্ত
গ) মূলধন ঘ) নগদ তহবিল

১৪. ১০% হারে প্রতি মাসের শুরুতে ১,০০০ টাকা করে উত্তোলন করলে বৎসরে কত টাকা সুদ হবে?
ক) ৫৫০ টাকা খ) ৬০০ টাকা
গ) ৬৫০ টাকা ঘ) ১,২০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ১৫-১৬নং প্রশ্নের উত্তর দাও।
মিস তাহসিন একটি মোটরগাড়ী ৫০,০০০ টাকায় ক্রয় করেছিলেন। বর্তমানে এ ক্রমযোজিত অবচয়ের উদ্বৃত্ত ২০,০০০ টাকা। তিনি গাড়ীটি ৩৬,০০০ টাকায় বিক্রয় করলেন।

১৫. বিক্রয়জনিত লাভ বা ক্ষতি কত?
ক) লাভ ৬,০০০ টাকা খ) ক্ষতি ১৪,০০০ টাকা
গ) ক্ষতি ২০,০০০ টাকা ঘ) লাভ ৩৬,০০০ টাকা

১৬. গাড়ীটির বিক্রয়জনিত জাবেদায় ক্রেডিট হবে —
i. মোটর গাড়ী হিসাব
ii. ক্রমযোজিত অবচয় হিসাব
iii. মোটর কার বিক্রয়জনিত লাভ হিসাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. অবচয় ধার্য করা হয় —
i. স্থায়ী সম্পত্তির উপর
ii. চলতি সম্পত্তির উপর
iii. স্পর্শনীয় সম্পত্তির উপর
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. কোনটি একতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করা হয় না?
ক) দায় হিসাব খ) সম্পত্তি হিসাব
গ) নামিক হিসাব ঘ) নগদান হিসাব

১৯. আয় বিবরণীর উপাদান কোনটি?
ক) উত্তোলন খ) প্রদেয় মজুরি
গ) ডক চার্জ ঘ) অগ্রিম বিমা

২০. হিসাবকাল শেষে কোন হিসাবটি বন্ধ করা হয়?
ক) মূলধন হিসাব খ) উত্তোলন হিসাব
গ) আসবাবপত্র হিসাব ঘ) নগদান হিসাব

২১. হিসাববিজ্ঞান কী?
ক) কলা খ) বিশুদ্ধ বিজ্ঞান
গ) কলা ও বিজ্ঞান উভয়ই ঘ) আচরণগত বিজ্ঞান

২২. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তি কোন দেশে?
ক) আমেরিকা খ) ইংল্যান্ড
গ) ইতালী ঘ) ভারত

২৩. হিসাববিজ্ঞান উদ্দেশ্য হল —
i. লেনদেনসমূহ লিপিবদ্ধকরণ
ii. লেনদেনের ফলাফল নির্ণয়
iii. আর্থিক অবস্থা নিরূপণ
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. লেনদেন শব্দটির আভিধানিক অর্থ কী?
ক) গ্রহণ-বর্জন খ) দেনা-পাওনা
গ) আদান-প্রদান ঘ) দেয়া-নেয়া

২৫. লেনদেনে কতটি পক্ষ জড়িত থাকে?
ক) ১ টি খ) ২ টি
গ) ৩ টি ঘ) ৪ টি

২৬. লেনদেনে সুবিধা গ্রহণকারী পক্ষকে কী বলা হয়?
ক) দাতা খ) গ্রহীতা
গ) মালিক ঘ) বিনিয়োগকারী

২৭. লেনদেন পরিমাপের একক কী?
ক) কিলোগ্রাম খ) লিটার
গ) আর্থিক মূল্য ঘ) মিটার

২৮. কর্মচারীদের বেতন দেয়া হল ২,০০০ টাকা, এর ফলে সমীকরণের কোন কোন উপাদান প্রভাবিত হবে?
ক) A ও OE খ) A ও L
গ) OK ও L ঘ) A

২৯. বাট্টা সাধারণত কত প্রকার?
ক) ১ খ) ২
গ) ৩ ঘ) ৪

৩০. ডেবিট নোটের সাহায্যে কি লেখা হয়?
ক) বিক্রয় ফেরত খ) ক্রয় ফেরত
গ) দৈনিক ক্রয় বহি ঘ) দৈনিক বিক্রয় বহি

৩১. কোন ধারণার ভিত্তিতে হিসাবচক্রের পুনরাবৃত্তি ঘটে?
ক) হিসাবকাল ধারণা খ) চলমান ব্যবসায় ধারণা
গ) ঐতিহাসিক মূল্য ধারণা ঘ) সামঞ্জস্যতা ধারণা

৩২. তিন ঘরা নগদান বইয়ে কলাম কতটি থাকে?
ক) ১০ খ) ১২ গ) ১৪
ঘ) ১৬

৩৩. দৈনিক বই হল —
i. জাবেদা ii. চূড়ান্ত হিসাব
iii. খতিয়ান
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৪. 'Ledge' শব্দের অর্থ কী?
ক) কক্ষ খ) নিজ
গ) প্রাথমিক বই ঘ) তাক

৩৫. 'c/d'-এর পূর্ণরূপ কোনটি?
ক) carried down খ) Credit discount
গ) carried discount ঘ) Credit down

৩৬. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৭,০০০ টাকা। আমানতকারীর বইতে কি ক্রেডিট হবে?
ক) নগদান হিসাব খ) ব্যাংক হিসাব
গ) সুদ হিসাব ঘ) ব্যাংক চার্জ হিসাব

৩৭. কোনটি ব্যাংক কর্তৃক লিখিত?
ক) পাস বই খ) নগদান বই
গ) ক্রয় বই ঘ) বিক্রয় বই

উদ্দীপকটি পড়ো এবং ৩৮-৪০নং প্রশ্নের উত্তর দাও।
মিস ইতু চট্টগ্রামের খাতুনগঞ্জের একজন ব্যবসায়ী। তিনি পাস বই অনুযায়ী ব্যাংক জমার সঙ্গে নগদান বই অনুযায়ী ব্যাংক জমা ৭,৫০০ টাকা-এর মিল পেলেন না। তদন্তে দেখা গেল, দেনাদার থেকে ৫,০০০ টাকা ব্যাংক কর্তৃক আদায় নগদান বইতে লিখা হয়নি।

৩৮. নগদান বই সম্পর্কে কোনটি বেশি সঠিক?
ক) জাবেদা খ) খতিয়ান
গ) জাবেদা ও খতিয়ান উভয়ই
ঘ) নগদ প্রবাহ বিবরণী

৩৯. দেনাদার থেকে সরাসরি আদায়ের ফলে কি হয়?
ক) ব্যাংক জমা বৃদ্ধি পায় খ) ব্যাংক জমা হ্রাস পায়
গ) নগদ জমা বৃদ্ধি পায় ঘ) নগদ জমা হ্রাস পায়

৪০. মিস ইতুর পাস বই অনুযায়ী প্রকৃত ব্যাংক জমা কত হবে?
ক) ২,৫০০ টাকা খ) ৫,০০০ টাকা
গ) ৭,৫০০ টাকা ঘ) ১২,৫০০ টাকা

১ খ	২ ক	৩ ঘ	৪ খ	৫	৬ গ	৭ ক	৮ খ	৯ ক	১০ খ	১১ গ	১২ ক	১৩ খ	১৪ গ	১৫ ক	১৬ ঘ	১৭ খ	১৮ গ	১৯ গ	২০ ঘ
২১ গ	২২ গ	২৩ ঘ	২৪ গ	২৫ খ	২৬ খ	২৭ গ	২৮ ক	২৯ খ	৩০ ঘ	৩১ খ	৩২ গ	৩৩ ক	৩৪ খ	৩৫ ক	৩৬ গ	৩৭ ক	৩৮ খ	৩৯ ক	৪০ ঘ